



## জনসংযোগ কার্যালয়

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: [www.juniv.edu](http://www.juniv.edu)



### প্রেস বিজ্ঞপ্তি

#### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আয়কর মেলা অনুষ্ঠিত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃপক্ষকে উপাচার্যের ধন্যবাদ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৭ নভেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রশাসন ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আয়োজনে এবং জাতীয় রাজস্ব বোর্ডের কর অধ্যল-১১ এর সহযোগিতায় প্রথমবারের মতো আজ বিশ্ববিদ্যালয়ের জহির রায়হান মিলনায়তনে ‘আয়কর তথ্য-সেবা প্রদান’- শিরোনামে আয়কর মেলা অনুষ্ঠিত হয়েছে। সকাল সাড়ে দশটায় অনুষ্ঠান উদ্বোধনকালে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃপক্ষকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এসে আয়কর তথ্য-সেবা প্রদানের জন্য আন্তরিক ধন্যবাদ জানান। তিনি বলেন, জাতীয় রাজস্ব বোর্ডের এ কার্যক্রমের ফলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা এবং কর অধ্যল-১১ এর কর প্রদানকারীরা উৎসবমুখর পরিবেশে সহজে-নির্বিশ্বে আয়কর প্রদান করতে পারছে। এতে তাদের ঢাকায় গিয়ে আয়কর জমা দেওয়ার কষ্ট দূর হয়েছে। উপাচার্য ভবিষ্যতেও এ কার্যক্রম অব্যাহত থাকবে বলে আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. ফরিদ আহমদ আয়কর তথ্য-সেবা প্রদান বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আয়োজনের ফলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাগণ আয়কর প্রদানের পাশাপাশি সংশ্লিষ্ট অন্যান্য তথ্যও জানতে পারছেন বলে অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদ আখতার, বিভিন্ন অনুষদের ডিন, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, প্রস্তর এবং জাতীয় রাজস্ব বোর্ডের কর অধ্যল-১১, ঢাকার কর কমিশনার রওনক আফরোজ, অতিরিক্ত কর কমিশনার সাধন কুমার রায়, যুগ্ম কর কমিশনার ফারজানা নাজনীন প্রমুখ উপস্থিতি ছিলেন।

উদ্বোধনী অনুষ্ঠানের পর উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম, কর কমিশনার রওনক আফরোজ এবং অন্যান্য অতিথিগণ আয়কর তথ্য-সেবা কেন্দ্র পরিদর্শন করেন। আয়কর তথ্য-সেবা কেন্দ্র সকাল নয়টা থেকে বিকেল চারটা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের আয়কর গ্রহণ করে।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

